

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে জেল হত্যা দিবস পালিত
সকল ষড়যন্ত্র রুখে দিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে চলমান উন্নয়নের ধারা
অব্যাহত রাখতে হবে: উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, বর্তমানেও দেশে স্বাধীনতা বিরোধী গোষ্ঠী সক্রিয় থেকে নানামুখী ষড়যন্ত্র করছে। সকল ষড়যন্ত্র রুখে দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সূচিত উন্নয়নের ধারা অব্যাহত রাখা-ই হোক জেল হত্যা দিবসের অঙ্গীকার। মাননীয় উপাচার্য বলেন, ১৯৭১ সালে জাতির পিতার অবর্তমানে বঙ্গবন্ধুর নেতৃত্বে জাতীয় চার নেতা মহান মুক্তিযুদ্ধকে সফলতার দিকে নিয়ে গিয়েছিলেন। এ কারণেই মুক্তিযুদ্ধের বিরোধী চক্র ১৯৭৫ সালে বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যার পর তাদের চক্রান্ত সম্পূর্ণরূপে বাস্তায়ন করতে নির্মমভাবে কাপুরুষের মতো জেলের ভেতরে জাতীয় চার নেতাকে হত্যা করে। মহান মুক্তিযুদ্ধের বিরোধী চক্রের ষড়যন্ত্র আজো বিদ্যমান রয়েছে। সততার সাথে নিজ নিজ দায়িত্ব পালন ও সকলকে ঐক্যবদ্ধ থেকে সকল ষড়যন্ত্র রুখে দিতে হবে। জেলা হত্যা দিবস উপলক্ষে আজ ৩ নভেম্বর ২০১৭ইং তারিখ, শুক্রবার সকাল ৯টায় বি লকের বঙ্গবন্ধুর মুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে মাননীয় উপাচার্য উপরোক্ত কথা বলেন। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, অতিরিক্ত রেজিস্ট্রার ও ট্রান্সফিউশন মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ আসাদুল ইসলাম, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. নাজমুল করিম মানিক, অতিরিক্ত রেজিস্ট্রার ডা. স্বপন কুমার তপাদার, পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিকস বিভাগের সহযোগী অধ্যাপক ডা. বিজয় কুমার পাল, স্বাচিপ, বিএসএমএমইউ-এর সাংগঠনিক সম্পাদক ও কার্ডিওলজি বিভাগের সহকারী অধ্যাপক ডা. আরিফুল ইসলাম জোয়ারদার টিট, তত্ত্বাবধায়ক প্রকৌশলী একেএম হাবিবুর রহমান, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন, উপ-রেজিস্ট্রার মুহাম্মদ সালাহ উদ্দিন সিদ্দিক, সহকারী পরিচালক ডা. পবিত্র কুমার দেবনাথ, ডা. শেখ ফয়েজ আহমেদ, কর্মকর্তা মোঃ আমিনুল ইসলাম পলাশ, মোঃ আজিজুর রহমান, চন্দ্রা রায়, মোঃ সাইফুল হোসেন, মোঃ মোস্তাফিজুর রহমান জুয়েল, সঞ্জীব কুমার রায়, সুমন দাস, মোঃ শফিকুল ইসলাম, মোঃ বেলাল হোসেন, প্রশান্ত কুমার মজুমদার প্রমুখসহ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। জেল হত্যা দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর মুরালে স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ)-এর বিএসএমএমইউ শাখা ও কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পক্ষ থেকেও পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

